

যুগান্তর

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

👤 যুগান্তর ডেস্ক

🕒 ০৮ মে ২০২৩, ২২:৫২:৫০ | [অনলাইন সংস্করণ](#)



‘[চাঁদার টাকা না দেওয়ায় মুক্তিযোদ্ধার নার্সারিতে ছাত্রলীগের তাল্লা](#)’ শিরোনামে ১৬ এপ্রিল যুগান্তর অনলাইনের প্রিন্ট সংস্করণে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের পাঁচ নেতা।

প্রকাশিত সংবাদটি ভিত্তিহীন দাবি করে তারা প্রতিবাদপত্রে বলেছেন, ওই নার্সারির প্রকৃত মালিক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের স্টেট অফিসের সাবেক প্রধান কর্মকর্তা নুরুল আমিন তিন বছরের জন্য নার্সারিটি লিজ নেন। পরে তিনি বীর মুক্তিযোদ্ধা শাহ আলম তালুকদারকে পরিচালনার দায়িত্ব দেন।

চুক্তি অনুযায়ী শাহ আলম এক বছর যাবত প্রশাসনের এক লাখ ৪০ হাজার টাকা পরিশোধে ব্যর্থ হন। এজন্য তাকে সময় মতো টাকা পরিশোধের জন্য অনুরোধ জানানো হয়েছে। কিন্তু প্রকাশিত সংবাদে পাওনা টাকাকে চাঁদা দাবি বলে উল্লেখ করা হয়েছে।

এ ধরনের সংবাদ দেশে-বিদেশে ছাত্রলীগের সুনাম ক্ষুণ্ণ করেছে বলে প্রতিবাদপত্রে উল্লেখ করেন ছাত্রলীগের নেতারা।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023